

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
আইসিটি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

নম্বর: ২৯.০০.০০০০.২২৮.১৬.০০৪.২৩.১২

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০

২৮ ফেব্রুয়ারি ২০২৪

অফিস আদেশ

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিম নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো

| ক্রমিক | কর্মকর্তার পদবী | প্রদানকৃত দায়িত্ব |
|--------|-----------------------------------|--------------------|
| ০১ | অতিরিক্ত সচিব (প্রশাসন) | চীফ ইনোভেশন অফিসার |
| ০২ | যুগ্মসচিব (উন্নয়ন) | সদস্য |
| ০৩ | উপসচিব (বাজেট/প্রশাসন-২) | ফোকাল পয়েন্ট |
| ০৪ | উপসচিব (পরিকল্পনা-১) | সদস্য |
| ০৫ | সহকারী প্রোগ্রামার | সদস্য |
| ০৬ | সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার | সদস্য |

কমিটির কার্যপরিধি:

- (ক) নিজ দপ্তরের সেবাপ্রদান প্রক্রিয়া, কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
- (খ) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- (গ) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- (ঘ) আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয়সাধন;
- (ঙ) প্রতি বৎসর ৩১ জুলাই-এর মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্থায়ী ওয়েবসাইটে প্রকাশ;
- (চ) দপ্তরসমূহের উদ্ভাবনী উদ্যোগসমূহকে উৎসাহ ও সহযোগিতা প্রদান এবং গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহের “শো-কেসিং”-এর ব্যবস্থা গ্রহণ;
- (ছ) ইনোভেশন সংক্রান্ত অন্যান্য কার্যক্রম;
- (ঝ) কমিটি প্রয়োজনে অন্য কোন সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৮-২-২০২৪

আবু রাফা মোহাম্মদ আরিফ

উপসচিব

ফোন: ০২-৫৫১০০১৩৫

ইমেইল:

dsadmin2@mochta.gov.bd

নম্বর: ২৯.০০.০০০০.২২৮.১৬.০০৪.২৩.১২/১(৯)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০

২৮ ফেব্রুয়ারি ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- ২) যুগ্ম সচিব, উন্নয়ন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- ৩) উপসচিব, বাজেট / প্রশাসন-২ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- ৪) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- ৭) সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৮-২-২০২৪

আবু রাফা মোহাম্মদ আরিফ

উপসচিব